

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিল্প মন্ত্রণালয়

বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)

বিপণন বিভাগ

জরুরি

সামিত

নম্বর ৩৬.০২.০০০০.০১৬.৩২.০০৫.২০.৫৫

তারিখ: ১৬ আষাঢ়, ১৪২৮

৩০ জুন ২০২১

বিজ্ঞপ্তি/নোটিশ

বিষয়: ‘বিসিক অনলাইন মার্কেট’ প্ল্যাটফর্মে উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য প্রদর্শন/ বিক্রয় করার লক্ষ্যে নিবন্ধনের জন্য প্রয়োজনীয় তথ্য প্রেরণ

এতদ্বারা সকল উদ্যোক্তাদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) কর্তৃক কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি (CMSME) উদ্যোক্তাদের উৎপাদিত পণ্য অনলাইনের মাধ্যমে প্রচার, প্রসার ও বাজারজাতকরণে সহায়তার নিমিত্ত বিসিকের ই-কমার্স প্ল্যাটফর্ম ‘বিসিক অনলাইন মার্কেট’ এর সিস্টেম ডেভেলপমেন্টের কার্যক্রম শেষ পর্যায়ে রয়েছে। এ প্রেক্ষিতে, প্রাথমিক পর্যায়ে অল্পসংখ্যক উদ্যোক্তাদের পণ্য প্ল্যাটফর্মটিতে প্রদর্শন/ বিক্রয়ের সুযোগ প্রদানের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। পরবর্তীতে সকল উদ্যোক্তাদের পণ্য প্রদর্শন ও বিক্রয়ের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান করা হবে।

এমতাবস্থায়, ‘বিসিক অনলাইন মার্কেট’ এ পণ্য প্রদর্শন/ বিক্রয় করতে আগ্রহী উদ্যোক্তাদের রেজিস্ট্রেশন সম্পন্ন করার লক্ষ্যে নিম্নবর্ণিত তথ্যাবলি আগামী ৭ জুলাই ২০২১ তারিখের মধ্যে nasir.ir.du@gmail.com এই ই-মেইল বরাবর প্রেরণের জন্য অনুরোধ করা হলো। পণ্যের বিস্তারিত (নাম, বিবরণ, দাম প্রভৃতি) তথ্যের জন্য আগ্রহী উদ্যোক্তাদের সঙ্গে পরবর্তীতে যোগাযোগ করা হবে।

উদ্যোক্তা রেজিস্ট্রেশনের জন্য প্রয়োজনীয় তথ্যের তালিকা:

- ১। উদ্যোক্তার নাম (বাংলা ও ইংরেজিতে):
- ২। ব্যবসা প্রতিষ্ঠানের নাম (বাংলা ও ইংরেজিতে):
- ৩। ব্যবসা প্রতিষ্ঠানের ঠিকানা (বাংলা ও ইংরেজিতে):
- ৪। মোবাইল নং:
- ৫। ইমেইল এড্রেস:
- ৬। বিসিকে যদি নিবন্ধন করা থাকে তার নম্বর:
- ৭। TIN নম্বর (যদি থাকে):
- ৮। উৎপাদিত পণ্যের নাম/ তালিকা (বাংলায়):
- ৯। মন্তব্য (যদি থাকে):

৩০-৬-২০২১

অখিল রঞ্জন তরফদার
মহাব্যবস্থাপক (বিপণন)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) সকল পরিচালক, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)
- ২) সহকারী মহা-ব্যবস্থাপক (আইসিটি সেল প্রধান), আইসিটি সেল , বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক) (ওয়েবসাইটে প্রকাশের জন্য)
- ৩) সিনিয়র সিঃ ওঃ, চেয়ারম্যানের দপ্তর, বাংলাদেশ ক্ষুদ্র ও কুটির শিল্প করপোরেশন (বিসিক)(চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)